



০৭ নং মাঝারদিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘরঃ মাঝারদিয়া, উপজেলাঃ সালথা, জেলাঃ ফরিদপুর।



মোঃ আফছারউদ্দীন মাতুব্বর

চেয়ারম্যান

মোবাইলঃ ০১৭৪০-৮৫৬৮৫২

স্মারক নংঃ মাঝার ইউপি/১৯১(৩)

তারিখঃ ২০/০৭/২০২৩ ইং

বরাবর,

উপজেলা নির্বাহী অফিসার

সালথা, ফরিদপুর।

বিষয়ঃ মাঝারদিয়া ইউনিয়নের জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স কমিটির কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সন্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, মাঝারদিয়া ইউনিয়নের জুলাই/২০২৩ এর জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স কমিটির কার্যবিবরণী চূড়ান্ত করে আপনার দপ্তরে প্রেরণ করা হল।

ইহা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

মোঃ আফছারউদ্দীন মাতুব্বর

চেয়ারম্যান

০৭ নং মাঝারদিয়া ইউনিয়ন পরিষদ

সালথা, ফরিদপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।

০২। অফিস নথি।

মোঃ আফছারউদ্দীন মাতুব্বর

চেয়ারম্যান

০৭ নং মাঝারদিয়া ইউনিয়ন পরিষদ

সালথা, ফরিদপুর।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৭ নং মাঝারদিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘরঃ মাঝারদিয়া, উপজেলাঃ সালথা, জেলাঃ ফরিদপুর।



মোঃ আফছারউদ্দীন মাতুব্বর

চেয়ারম্যান

মোবাইল নং- ০১৭৪০৮৫৬৮৫২

স্মারক নংঃ- ১৯১(৩)

তারিখঃ- ২০/০৭/২০২৩

৭ নং মাঝারদিয়া ইউনিয়নের জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স কমিটির রেজুলেশন

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	মোঃ আফছারউদ্দীন মাতুব্বর	ইউপি চেয়ারম্যান	স্বাক্ষরীত
০২	মোসাঃ ফেরদৌসি বেগম	ইউপি সদস্য	”
০৩	মোসাঃ শিলা আক্তার	ইউপি সদস্য	”
০৪	মোসাঃ হেনারা বেগম	ইউপি সদস্য	”
০৫	মোঃ মোক্তার হোসেন	ইউপি সদস্য	”
০৬	মোঃ কবির হোসেন	ইউপি সদস্য	”
০৭	মোঃ নূর আলম মিয়া	ইউপি সদস্য	”
০৮	মোঃ হাবিবুর রহমান	ইউপি সদস্য	”
০৯	মোঃ মজিবুর রহমান	ইউপি সদস্য	”
১০	মোঃ সলেমান মাতুব্বর	ইউপি সদস্য	”
১১	মোঃ মুরাদ হোসেন	ইউপি সদস্য	”
১২	মোঃ মোতাহার হোসেন	ইউপি সদস্য	”
১৫	সাহিদা পারভীন	সহকারী স্বাস্থ্য পরিদশক	”
১৬	মোঃ নাজমুল হাসান	পরিবার পরিকল্পনা পরিদশক	”
১৭	মোঃ আশরাফ আলী	এনজিও প্রতিনিধি	”
১৮	মোঃ তারিক হোসেন	এনজিও প্রতিনিধি	”
১৯	মোঃ ছালেম মাতুব্বর	স্থানীয় সমাজকর্মী	”
২০	মোঃ সাহিদ ফকির	স্থানীয় সমাজকর্মী	”
২১	মোঃ ইকবাল হোসেন	ইউপি সচিব	”

আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>০১. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত পাঠদান।</p> <p>০২. ০-৪৫ দিনের মধ্যে শিশুর জন্ম-মৃত্যু নিবন্ধন জোরদার করতে হবে।</p> <p>০৩. ০-১ বছরের কম বয়সী শিশুর জন্ম-মৃত্যু নিবন্ধন জোরদার করতে হবে।</p> <p>৪. বিবিধ</p>	<p>অধ্যকার সভার আলোচনা সভাপতি জনাব, মোঃ আফছারউদ্দীন মাতুব্বর ইউ.পি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে সভার কার্য আরম্ভ করা হয়।</p> <p>অধ্যকার সভায় জনাব, সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের জানান যে, বর্তমান জন্ম ও মৃত্যু নিবন্ধন একটি গুরুত্বপূর্ণ বিষয়। সরকার ০-১ বছরের মধ্যে সকল শিশুর জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার ঘোষণা দিয়েছেন। শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যেই তাহার জন্ম নিবন্ধন নিশ্চিত করতে হবে। জন্ম নিবন্ধন শিশুর অধিকার। প্রত্যেক অভিভাবককে সচেতন হয়ে শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে তাহার জন্ম নিবন্ধন করতে হবে। সভাপতি সাহেব জানান, প্রতিটি ইউনিয়নে জন্ম-মৃত্যু টাগেট দেওয়া হয়েছে। তিনি এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। বিশেষ করে স্বাস্থ্যকর্মী বা স্বাস্থ্য-সহকারী যারা আছেন তাদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, তারা এ ব্যাপারে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। প্রতিটি ওয়ার্ডের ওয়ার্ড সদস্য তাহার নিজ নিজ এলাকায় দোকান পাটে, পাড়া মহল্লায় এমনকি মসজিদ ও প্রচার করবেন বলে আমার বিশ্বাস। এ ব্যাপারে গ্রাম পুলিশগন অবশ্যই তাহাদের দায়িত্বের দিক থেকে এবং সচেতনার দিক থেকে যার যার স্বীয় কর্ম এলাকায় বাড়ি বাড়ি গিয়ে এমনকি টিকা কেন্দ্রে গিয়ে স্বাস্থ্য কর্মীর সহায়তা নিয়ে তথ্য সংগ্রহ করা সহ ব্যাপক প্রচারনা করতে হবে। সভায় এনজিও প্রতিনিধি স্থানীয় গন্যমান্য ব্যক্তিদের সাথে সমন্বয় সাধন করে প্রচারনার আশা ব্যক্ত করেন। কোন শিশুর জন্ম হলে বা কোন শিশুর মৃত্যু হলে তার তথ্য সংগ্রহ করে পরিষদে জমা দেওয়ার জন্য বিশেষভাবে সকলকে অনুরোধ করেন। প্রতি মাসে স্বাস্থ্যকর্মীর নিকট হতে গর্ভবর্তী মহিলাদের তথ্য সংগ্রহ করে তার বরাবর একটি শুভেচ্ছা বার্তা প্রেরন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। অনুরূপভাবে কেউ মৃত্যু বরন করলে তার পরিবারের প্রতি শোকবার্তা পাঠানোর সিদ্ধান্ত গ্রহন করা হয়।</p>	<p>০-৪৫ দিনের মধ্যে শিশুর জন্ম-মৃত্যু নিবন্ধন করতে হবে এবং ০-১ বছরের কম বয়সী শিশুর জন্ম-মৃত্যু নিবন্ধন জোরদার করতে হবে।</p>	<p>নিবন্ধক, ইউপি সচিব, ইউপি সদস্য/সদস্যা, গ্রাম পুলিশ, স্বাস্থ্য-সহকারী, পরিবার কল্যাণ সহকারী। বিভিন্ন এনজিও সংস্থা।</p>

অতপর সভায় আরা কোন গুরুত্বপূর্ণ আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আফছারউদ্দীন মাতুব্বর
চেয়ারম্যান

০৭ নং মাঝারদিয়া ইউনিয়ন পরিষদ
সালথা, ফরিদপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলঃ

০১। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।

০২। অফিস নথি।

মোঃ আফছারউদ্দীন মাতুব্বর
চেয়ারম্যান

০৭ নং মাঝারদিয়া ইউনিয়ন
সালথা, ফরিদপুর।